গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়
কর্মসংস্থান শাখা

টেকসই উন্নয়ন অভীষ্ট (এসডিজি)-এর বাস্তবায়ন বিষয়ক সভার কার্যবিবরণী।

---

| | |
|---|---|
| সভাপতি | ড. সেলিনা আক্তার<br>অতিরিক্ত সচিব |
| সভার তারিখ | ১৪ মার্চ ২০২২ |
| সভার সময় | বেলা ১১.০০ ঘটিকা |
| স্থান | মন্ত্রণালয়ের সভাকক্ষ |
| উপস্থিতি | পরিশিষ্ট 'ক' |

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। সভার শুরুতেই সভাপতি এসডিজি বাস্তবায়ন সরকারের একটি জাতীয় অগ্রাধিকার হিসেবে উল্লেখ করে সভার গুরুত্ব তুলে ধরেন এবং সংশ্লিষ্ট সকলকে এসডিজি বাস্তবায়নের বিষয়ে সচেষ্ট থাকার নির্দেশনা প্রদান করেন। তিনি উপস্থিত সকলের সক্রিয় অংশগ্রহণ প্রত্যাশা করেন এবং আলোচনা শুরু করার জন্য মন্ত্রণালয়ের উপসচিব ও এসডিজি ফোকাল পয়েন্ট কর্মকর্তা জনাব শরীফ মোঃ ফরহাদ হোসেন-কে অনুরোধ জানান।

০২। এসডিজি ফোকাল পয়েন্ট কর্মকর্তা সভার পটভূমি ও উদ্দেশ্য সম্পর্কে সকলকে অবহিত করেন। তিনি উল্লেখ করেন যে, টেকসই উন্নয়ন অভীষ্ট (এসডিজি)-এর আওতায় ১৭টি অভীষ্ট, ১৬৯টি টার্গেট এবং ২৩১টি ইন্ডিকেটর রয়েছে। তিনি জানান, ১৭টি অভীষ্টের মধ্যে ৮নং অভীষ্ট বাস্তবায়নের দায়িত্ব শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়ের। এসডিজি'র ১৬৯টি টার্গেটের মধ্য থেকে ৩টি টার্গেটের (৮.৫, ৮.৭, ৮.৮) বিষয়ে শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয় লিড মন্ত্রণালয় হিসেবে কাজ করছে। এ ৩টি টার্গেটের বিপরীতে মোট ৫টি ইন্ডিকেটর (৮.৫.১, ৮.৫.২, ৮.৭.১, ৮.৮.১, ৮.৮.২) রয়েছে। তিনি আরও উল্লেখ করেন যে, শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়ের এসডিজি বাস্তবায়নের লক্ষ্যে গঠিত কমিটি দায়িত্ব পালন করছে। তাছাড়া মন্ত্রণালয়ের ৫ জন কর্মকর্তাকে ৫টি ইন্ডিকেটরের বিষয়ে সুনির্দিষ্ট দায়িত্ব প্রদান করা হয়েছে।

০৩। উপসচিব, জনাব শরীফ মোঃ ফরহাদ হোসেন ইন্ডিকেটরভিত্তিক দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তাদের বাস্তবায়ন অগ্রগতি উপস্থাপনের জন্য অনুরোধ জানান। সে প্রেক্ষিতে ইন্ডিকেটর ৮.৫.১-এর দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা উপসচিব, বেগম শাহানা জামান বলেন, বিভিন্ন সেক্টরে নারী-পুরুষ সমান হারে ন্যূনতম মজুরি নির্ধারণ করা এ ইন্ডিকেটরের মূখ্য কাজ। তিনি আরও বলেন, মজুরি নির্ধারণ হয় বাজারদর যাচাইয়ের প্রেক্ষিতে মজুরি বোর্ডের মাধ্যমে । তাছাড়া ঘন্টা হিসেবে ইনকাম বৃদ্ধি করাটাই এই ইন্ডিকেটরের মূখ্য বিষয়। ইন্ডিকেটর ৮.৫.২-এর বিষয়ে তিনি বলেন, পেশা, বয়স ও প্রতিবন্ধী ব্যক্তিভেদে বেকারত্বের হার হ্রাস করাই এ ইন্ডিকেটরের মূখ্য কাজ। পেশা, বয়স ও প্রতিবন্ধী ব্যক্তিভেদে বেকারত্বের হার হ্রাস করার জন্য কর্মপরিকল্পনা গ্রহণ করা হয়েছে। উক্ত কর্মপরিকল্পনা অনুযায়ী প্রকল্প গ্রহণপূর্বক বেকারত্বের হার হ্রাস করার কার্যক্রম গ্রহণ করা হবে। ইন্ডিকেটর ৮.৭.১ এবং ৮.৮.২ এর দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা উপস্থিত না থাকায় পরবর্তী সভায় এ বিষয়ে আলোচনা করা হবে মর্মে জানানো হয়।

০৪। ইন্ডিকেটর ৮.৮.১-এ লিঙ্গ ও অভিবাসনগত অবস্থা ভেদে, পেশাগত কাজে মারাত্মক এবং মারাত্মক নয় এমন আহত হবার ঘটনার হার হ্রাস করার বিষয়টি আমাদের গুরুত্বপূর্ণ কাজ। তাছাড়া এ ইন্ডিকেটরের ডাটা এসডিজি ট্র্যাকারে আপলোড করাও আমাদের দায়িত্ব। এ বিষয়ে অগ্রগতি জানতে চাওয়া হলে, জনাব মনোয়ার হোসেন, পরিসংখ্যান ও গবেষণা কর্মকর্তা, কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর সভাকে অবহিত করেন, ইন্ডিকেটর ৮.৮.১-এর আহত

হবার ঘটনার হার হ্রাস করার জন্য কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর হতে প্রতিনিয়ত কারখানা পরিদর্শন করা হচ্ছে। ২০১৯ সালকে ভিত্তি বছর ধরে ২০২৫ সালে ৫% এবং ২০৩০ সালে ১০% আহত হবার ঘটনার হার কমিয়ে আনতে হবে। পেশাগত কাজে মারাত্মক এবং মারাত্মক নয় এমন আহত হবার ঘটনার হার কমানো জন্য ২০১৫-২০২০ সাল পর্যন্ত একটি কর্মপরিকল্পনা প্রণয়ন করা হয়েছে। যাতে মারাত্মকভাবে আহত হবার ঘটনা ছিল ২০২০ সালে ৭০টি এবং ২০২১ সালে ১৭৬ (পুরুষ:১১৪, মহিলা:৬২) । তাছাড়া ২০২০ সালে ১১৮টি এবং ২০২১ সালে ২২০ (পুরুষ:১২৬; মহিলা:৯৪)। সুতরাং শতাংশ হারে আহত হবার ঘটনার হার গত অর্থ-বছরের তুলনায় বেশি। এ বিষয়ে যথাযথ কারণ/যৌক্তিকতা ব্যাখ্যা করা প্রয়োজন। তাছাড়া এ ইন্ডিকেটরে নিয়মিত এসডিজি ট্র্যাকারে আপলোড করা হয়ে থাকে। ইতোমধ্যে ২০২১ সালে নতুন ডাটা আপলোড করা হয়েছে ।

০৫। সহকারী সচিব, মোঃ মোস্তাফিজুর রহমান Assessing the Synergies and trade offs among Sustainable Development Goals: The Case of Bangladesh শীর্ষক প্রতিবেদন প্রশ্নপত্র প্রণয়ন বিষয়টি সভায় উপস্থাপন করেন। মন্ত্রণালয়ের সংশ্লিষ্ট টার্গেটের প্রয়োজনীয় তথ্য-উপাত্ত সংগ্রহ করে নির্ধারিত মানদন্ড ইনপুট করতে হবে। এ বিষয়ে আগামী সভায় সংশ্লিষ্ট সকলের অংশগ্রহণের মাধ্যমে প্রয়োজনীয় তথ্য-উপাত্ত সংগ্রহপূর্বক প্রশ্নপত্রটি প্রণয়ন করা প্রয়োজন। এ বিষয়ে উপস্থিত সকল সদস্য একমত পোষণ করেন।


০৬। উপসচিব, জনাব শরীফ মোঃ ফরহাদ হোসেন বলেন, গত ১২-০১-২০২১ তারিখ সচিব মহোদয়ের সভাপতিত্বে অনুষ্ঠিত সভায় এসডিজি বাস্তবায়ন বিষয়ক এবং এসডিজি ট্র্যাকারে ডাটা প্রদান বিষয়ক দিনব্যাপি দুটি কর্মশালা আয়োজনের সিদ্ধান্ত গ্রহণ করা হয়। মন্ত্রণালয় এবং আওতাধীন অধিদপ্তর/দপ্তর/সংস্থার এসডিজি কমিটির সদস্যবৃন্দ এবং দেশের এসডিজি বাস্তবায়নকারী উর্ধ্বতন কর্মকর্তাদের নিয়ে একটি কর্মশালা আয়োজনের উদ্যোগ গ্রহণ করা হয়েছে।

০৭। সভাপতি সংশ্লিষ্ট সকলকে এসডিজি বাস্তবায়ন বিষয়টিকে গুরুত্বসহকারে বিবেচনা করে রিপোর্ট রিটার্ণ এবং তথ্য/ উপাত্তসমূহ যথাসময়ে প্রেরণের উপর গুরুত্ব আরোপ করেন। শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয় এবং আওতাধীন অধিদপ্তর/দপ্তর/সংস্থা-এর ওয়েবসাইটের এসডিজি কর্ণারে এসডিজি সংক্রান্ত প্রয়োজনীয় তথ্য-উপাত্ত সঠিকভাবে আপলোড করায় ফোকাল পয়েন্ট কর্মকর্তা এবং সংশ্লিষ্ট সকলকে ধন্যবাদ জ্ঞাপন করেন। বিস্তারিত আলোচনা শেষে সর্বসম্মতিক্রমে নিম্নোক্ত সিদ্ধান্তসমূহ গ্রহণ করা হয়:

| ক্রম | সিদ্ধান্ত | দায়িত্ব |
|---|---|---|
| ১. | ইন্ডিকেটরভিত্তিক দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তাগণ সংশ্লিষ্ট ইন্ডিকেটর যথাযথভাবে বাস্তবায়ন এবং নির্ধারিত 'ছক' অনুযায়ী অগ্রগতি প্রতিবেদন প্রণয়নের প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করবে। | ইন্ডিকেটর ভিত্তিক দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তাগণ, কর্মসংস্থান শাখা; শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয় |
| ২. | Assessing the Synergies and trade offs among Sustainable Development Goals: The Case of Bangladesh শীর্ষক প্রতিবেদন প্রশ্নপত্র প্রণয়নের জন্য সম্পৃক্ত অংশ পূরণ করতে হবে। | সংশ্লিষ্ট ইন্ডিকেটরের দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তাগণ, কর্মসংস্থান শাখা; শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয় |
| ৩. | গত অর্থ-বছরের তুলনায় মারাত্নক এবং মারাত্নক নয় এমন আহত হবার ঘটনার হার বৃদ্ধির যথাযথ কারণ/যৌক্তিকতা উল্লেখ করতে হবে। | কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর |
| ৪. | দিনব্যাপি একটি কর্মশালা আয়োজন করার প্রস্তাব অনুমোদনের জন্য নথি উপস্থাপন করতে হবে। | কর্মসংস্থান শাখা |

| | | |
|---|---|---|
| ৫. | কমিটির পরবর্তী সভা এপ্রিল মাসের প্রথম সপ্তাহে আহবান করতে হবে। | কর্মসংস্থান শাখা<br>শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয় |

০৮। আর কোন আলোচনা না থাকায় সভাপতি সবাইকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।




ড. সেলিনা আক্তার
অতিরিক্ত সচিব

স্মারক নম্বর: ৪০.০০.০০০০.০৩৫.১৬.০০৯.২১.১৭

তারিখ: ৯ চৈত্র ১৪২৮
২৩ মার্চ ২০২২

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

১) মহাপরিদর্শক (অতিরিক্ত সচিব), কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর
২) মহাপরিচালক, শ্রম অধিদপ্তর
৩) চেয়ারম্যান, চেয়ারম্যান এর দপ্তর, নিম্নতম মজুরী বোর্ড
৪) মহাপরিচালক (অতিরিক্ত দায়িত্ব), বাংলাদেশ শ্রমিক কল্যাণ ফাউন্ডেশন
৫) মহাপরিচালক, কেন্দ্রীয় তহবিল
৬) যুগ্মসচিব, আর্ন্তজাতিক সংস্থা অধিশাখা, শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়
৭) উপসচিব, পরিকল্পনা অধিশাখা, শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়
৮) উপ-সচিব, রপ্তানীমূখী শিল্প অধিশাখা, শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়
৯) উপসচিব, মজুরী বোর্ড শাখা, শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়
১০) সিনিয়র সহকারী সচিব (অতিরিক্ত দায়িত্ব), শ্রম শাখা, শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়
১১) সিনিয়র সহকারী সচিব, সমন্বয় শাখা, শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়
১২) প্রতিমন্ত্রী মহোদয়ের একান্ত সচিব, প্রতিমন্ত্রীর দপ্তর, শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয় (সদয় অবগতির জন্য)
১৩) সিনিয়র সহকারী সচিব, আর্ন্তজাতিক সংস্থা শাখা-১, শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়
১৪) সচিব মহোদয়ের একান্ত সচিব , সচিবের দপ্তর, শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয় (সদয় অবগতির জন্য)
১৫) সিস্টেম এনালিস্ট, আইসিটি সেল, শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয় (ওয়েবসাইটের এসডিজি কর্ণারে আপলোডের অনুরোধসহ)



মোঃ মোস্তাফিজুর রহমান
সহকারী সচিব (অতিরিক্ত দায়িত্ব)